# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।
### শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর: ১/২০২৪ তারিখ: ১৭/০১/২০২৪ খ্রিস্টাব্দ

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রভাষক (ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়) | ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ | ২(দুই)টি স্থায়ী; |
| ২. | প্রভাষক (রাজনীতি বিজ্ঞান/বাংলাদেশ স্টাডিজ বিষয়) | ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ | ১(এক)টি স্থায়ী। |

বেতন স্কেল:

১। প্রভাষক : জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড।

প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:

(ক) প্রভাষক (ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়) পদে নিয়োগের বেলায় পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

তবে ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়ে কোনো প্রার্থীর মূল ডিগ্রি (অনার্স ও মাস্টার্স ডিগ্রি) না থাকলেও স্পোর্টস সায়েন্স বিষয়ে উচ্চতর ডিগ্রি যেমন-পি-এইচ.ডি/এম.ফিল./বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে তিনি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। এ ক্ষেত্রেও এস.এস.সি./সমমান, এইচ.এস.সি./সমমান, অনার্স ও মাস্টার্স ডিগ্রি পরীক্ষায় উপরে বর্ণিত যোগ্যতা (বিভাগ/শ্রেণি/ সি.জি.পি.এ./জি.পি.এ.) থাকতে হবে।

(খ) প্রভাষক (রাজনীতি বিজ্ঞান বিষয়) পদে নিয়োগের বেলায় পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. একটিতে ৩.৬৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির একটিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ ও অন্যটিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে।

(গ) প্রভাষক (বাংলাদেশ স্টাডিজ বিষয়) পদে নিয়োগের বেলায় পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৪০ থাকতে হবে।

চলমান-২

১৭/০১/২০২৪

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **https://cu.ac.bd./forms.php** হতে **Download** করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক লি:/জনতা ব্যাংক লি:-এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক লি:/জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবত ১,০০০/-(এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দু'টি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার) ও প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

প্রভাষক পদের জন্য নির্ধারিত ফরমে ৬(ছয়) সেট দরখাস্ত আগামী ১৯-০২-২০২৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮ টা ৩০ মিনিট হতে বিকাল ৩ টা ৩০ মিনিট পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এবং দরখাস্ত ও সংশ্লিষ্ট কাগজপত্র ফেরৎযোগ্য নয়।

নির্ধারিত ফি ব্যতীত কিংবা উক্ত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত আবেদনপত্র, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় ফলাফল অপ্রকাশিত (**appeared**) প্রার্থীর পেশকৃত আবেদনপত্র, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে আবেদনপত্র) সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ২(দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রক্রিয়া করে নির্ধারিত সংখ্যক আবেদনপত্রের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করলে তা বিবেচনা করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

২৭/০২/২৪

(কে. এম. নুর আহমদ)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪,৭৯-৯১
এক্স-৪২০১

২৭/০২/২০২৪